



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

আরডিএ ভবন, বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩
www.rda.rajshahidiv.gov.bd

স্মারক নং-২৫.৪০.০০০০.০০১.১৬.০০.৬৮৯.১৯. ৩১১

তারিখ- ২৩ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ
০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

বিষয় : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বছরব্যাপী কর্মসূচী প্রণয়ন।

সূত্র : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গত ১৯/০৮/২০২১ তারিখের ২৫.০০.০০০০.০২৩.৩৫.০০১.১১-১৫৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিত মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে দপ্তর/অধিদপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত বছরব্যাপী কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে প্রেরণের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত নিম্ন ছকে প্রদত্ত হলো:

ক্রম	দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম	মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচীর নাম	গৃহীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	মন্তব্য
১	২	৩	৪	৫
১।	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	বঙ্গবন্ধু কর্ণার স্থাপন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণীয় করে রাখার জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অফিস ভবনে ৬৫০ বর্গফুট বিশিষ্ট একটি দৃষ্টিনন্দন “বঙ্গবন্ধু কর্ণার” নির্মাণ করা হয়েছে। যা বর্তমানে দর্শনাধীদের জন্য উন্মুক্ত আছে।	
২।	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	তলাইমারী চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্কয়ার নির্মাণ	রাজশাহী মহানগরীর প্রবেশ দ্বার তলাইমারী চত্বরে ১.৪১৭৫ একর জমির উপর ৬৩৬৮.৬৭ বর্গমিটার স্কয়ার নির্মাণ করা হচ্ছে। এ স্কয়ারের মধ্যে ২৫৫৯.১০ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট বেজমেন্টের মধ্যে গাউী পার্কিং, এম্পিথিয়েটার, আর্ট গ্যালারী, এবং জলধারা বেষ্টিত বঙ্গবন্ধু ভাস্কর্য স্থাপন করা হবে। ৬৩৩২.৭১ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট গ্রাউন্ড ফ্লোরে আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, ডিজিটাল স্ক্রীন সম্বলিত স্থায়ী আর্ট গ্যালারী এবং মিউজিয়াম থাকবে। তাছাড়া ১৫৭৬.৮৬ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট ফার্স্ট ফ্লোরে আধুনিক রেস্টুরেন্ট, দৃষ্টি নন্দন ল্যান্ডস্কেপ, উন্মুক্ত স্থানে বসা এবং বিনোদনের ব্যবস্থা থাকবে। * বর্তমানে প্রকল্পের স্কয়ার নির্মাণের কাজ চলমান আছে। প্রকল্প ব্যয় : ৫৯২৮.০৭ লক্ষ টাকা প্রকল্পের মেয়াদ: নভেম্বর, ২০১৭ হতে জুন, ২০২২ খ্রি. প্রকল্পের অগ্রগতি: ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৪৪.১১% ক্রমপুঞ্জিভূত ভৌত অগ্রগতি ৫৫.০০%	
৩।	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	মেলায় স্টল স্থাপন	গত ২৫/০৩/২০২১ তারিখে জেলা প্রশাসন, রাজশাহী কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত অনুষ্ঠিত মেলায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের একটি স্টল (স্টল নং-৪) স্থাপন করা হয়।	

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সচিব

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দু: আ: জনাব মো: ইকবাল হুসাইন, উপসচিব, অধিশাখা-১০)

(মো: আনওয়ার হোসেন)

চেয়ারম্যান

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

ফোন ও ফ্যাক্স-০৭২১-৭৬২০২১

ই-মেইল: rdarajshahi@gmail.com